**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**

**বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত সভার অক্টোবর মাসের কার্যবিবরণী।**

সভাপতি: জনাব মো: সোহেল ইমাম খান, ডেপুটি সেক্রেটারি জেনারেল, বিএনসিইউ।

তারিখ: ১৯ ডিসেম্বর, ২০২১।

সময়: দুপুর ১২.০০ মিনিট।

স্থান: সভাকক্ষ, বিএনসিইউ।

উপস্থিতি: তালিকা (পরিশিষ্ট-ক)

সম্মানিত সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতি বলেন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত মূল্যায়নে ৫১টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে দ্বিতীয় স্থান অর্জন করেছে যা অত্যন্ত গৌরবের এবং আমরাও এজন্য গর্বিত, সকলের সম্মিলিত প্রচেষ্টার ফসল হচ্ছে এ অর্জন। তিনি মাননীয় মন্ত্রী ও মাননীয় উপমন্ত্রীর এ সংক্রান্ত দিক নির্দেশনার জন্য তাঁদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মহোদয়ের নেতৃত্বের জন্যও কৃতজ্ঞতা প্রকাশ করেন। বিএনসিইউ এপিএ'র নির্ধারিত কার্যক্রম ঠিকভাবে সমাধা করবে, কর্মকর্তারা বরাবরের মত সচেতনভাবে কাজ করবে এমন আশাবাদ তিনি ব্যক্ত করেন। সম্মানিত সভাপতির অনুমতিক্রমে সিনিয়র প্রোগ্রাম অফিসার জনাব ফারহানা ইয়াসমিন জাহান বলেন, প্রমাণকসহ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২য় ত্রৈমাসিকের কার্যক্রম সম্পাদন করার চেষ্টা করতে হবে, যার যার কাজ সম্পর্কে সচেতন থাকতে হবে। এরপর প্রোগ্রাম অফিসার জনাব মোহাম্মদ সোহেলুজ্জামান বলেন, ২০২১-২০২২ অর্থবছরের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২য় ত্রৈমাসিকের প্রতিবেদন সময়মত এপিএ সফটওয়ারে এন্ট্রি দেয়া হবে, ২য় ত্রৈমাসিকের কার্যক্রম চলমান আছে। প্রোগ্রাম অফিসার জনাব ফয়সাল আরাফাত বলেন, তাঁর উপর অর্পিত দায়িত্ব তিনি ঠিকভাবে পালন করার চেষ্টা করছেন এবং করবেন। পরবর্তীতে আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ১ | মুজিববর্ষ ও বাংলাদেশের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ছাত্র-ছাত্রীদের জন্য কুইজ ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা। | ০২টি প্রোগ্রামের আয়োজন করা। | প্রোগ্রাম অফিসার (অর্থ ও প্রশাসন), প্রোগ্রাম অফিসার (আইসিটি) |
| ২ | ফেব্রুয়ারি ২০২১ এ পরবর্তী সভা আয়োজন করা। | সভা আয়োজন। | ফোকাল পয়েন্ট জনাব মোঃ সোহেলুজ্জামান, Annual Performance |

| | | | |
|---|---|---|---|
| | | | Agreement Team |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(মোঃ সোহেল ইমাম খান)
ডেপুটি সেক্রেটারি জেনারেল
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন